

জনসংস্পর্শ কর্মসূচী
৩১/১২/২০২০
১৩/১২/২০২০
শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"
১৩/১২/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা।



তারিখ : ০৬.১২.২০২০ খ্রি.

মেমো নং-বিএসএ/খুল/বিজয় দিবস:-১৪/২০২০/১৬০(১০০)

বিষয় : শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি খুলনা কর্তৃক আয়োজিত "শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস ২০২০" উদযাপন উপলক্ষে নিম্নে উল্লেখিত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠান/সংগঠনের অধিক সংখ্যক ছাত্র-ছাত্রী যাতে অংশ নিতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। শিশুদের স্বার্থে আপনার সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

তারিখ ও স্থান	সময়	বিষয়	বিভাগ	স্থান
১৩.১২.২০২০ রবিবার	বিকেল ৪.০০ টার মধ্যে জমা দিতে হবে।	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক-বিভাগ : ৩য় শ্রেণি পর্যন্ত ক- বিভাগের বিষয় ও মাধ্যম উন্মুক্ত। খ-বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি খ- বিভাগের বিষয় : স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ। গ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি গ বিভাগের বিষয় : বঙ্গবন্ধু ও বাংলাদেশ। খ ও গ বিভাগের মাধ্যম : জল রং/প্যাস্টেল রং।	১৩.১২.২০২০ তারিখ বিকেল ৪টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, খুলনায় জমা দিতে হবে।
ঐ	বিকেল ৪.০০ টার মধ্যে জমা দিতে হবে।	রচনা প্রতিযোগিতা	খ-বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত। বিষয় : আমাদের বঙ্গবন্ধু। গ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি পর্যন্ত। বিষয় : মাতৃভাষা ও স্বাধীনতা (১৯৫২-১৯৭১)	১৩.১২.২০২০ তারিখ বিকেল ৪টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, খুলনায় জমা দিতে হবে।
১৪.১২.২০২০ সোমবার	সকাল ১০.৩০ মিনিট	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা	খ-বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি কবিতার বিষয় : বিজয়ের কবিতা গ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি কবিতার বিষয় : স্বাধীনতা ও বঙ্গবন্ধু	বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা।

নিয়মাবলী :

- চিত্রাঙ্কন প্রতিযোগিতা ১১X১৬ ইঞ্চি মাপের কার্টজ পেপারে ছবি আঁকতে হবে। ছবির পিছনে প্রতিযোগির ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, রোল নম্বর এবং মোবাইল নম্বর লিখতে হবে।
- রচনা A4 সাইজের কাগজের এক পৃষ্ঠায় লিখতে হবে। কভার পেজে প্রতিযোগির ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, রোল নম্বর এবং যোগাযোগের জন্য মোবাইল নম্বর লিখতে হবে। খ-বিভাগের জন্য লিখিত কমপক্ষে ৫০০ এবং গ-বিভাগের জন্য কমপক্ষে ৮০০ শব্দ হতে হবে।
- ১৪.১২.২০২০ তারিখে কবিতা আবৃত্তি প্রতিযোগিতা বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা কার্যালয়ে এসে স্বাস্থ্য সুরক্ষা, সামাজিক ও শারিরিক দুরত্ব বজায় রেখে আবৃত্তি করতে হবে।
- রচনা ও চিত্রাঙ্কন বাড়ি থেকে লিখে ও একে ১৩.১২.২০২০ তারিখ রবিবার বিকেল ৪.০০ টার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/পরিচালক/সম্পাদক

.....
....., খুলনা।

Signature
01/12/2020
(মো: আবুল আলম)

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা।

ফোন নং-০২-৪৭৭৭২৫৬৪৮/০১৭১৭৬৬৯০২০।

bsakhuinagov@yahoo.com

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।)
- জেলা প্রশাসক, খুলনা।
- অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
- জেলা শিক্ষা অফিসার, খুলনা। (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।)
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা। (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।)
- অফিস নথি।